

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১১, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ২৩শে চৈত্র ১৪১০/৬ই এপ্রিল ২০০৪

এস, আর, ও নং ৯৩-আইন/২০০৪/৪০৩-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন), এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর আওতাধীন, যথাক্রমে শিরনামা সংখ্যা (Heading No.) এবং এইচ, এস, কোড (H.S. Code) সমূহের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত, শুধুমাত্র বাংলাদেশে উৎপাদিত ও সরবরাহকৃত, পণ্যসমূহের উপর আরোপনীয় সমন্বয় মূল্য সংযোজন কর, বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিম্নবর্ণিত শর্তে মওকুফ করিল, যথাঃ—

- (১) উক্ত মওকুফ সুবিধা শুধুমাত্র বাপেঙ্গ ও নিকো রিসোর্সেস (বাংলাদেশ) লিঃ এর মধ্যে স্বাক্ষরিত জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট (JVA) এর আওতায় স্থানীয়ভাবে উৎপাদিত ও সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাস, পেট্রোলিয়াম অয়েল ও পেট্রোলিয়ামজাত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

( ১৬২১ )

মূল্য : টাকা ১.০০

- (২) মওকুফ সুবিধা লাভ করার জন্য উক্ত চুক্তি সম্পর্কে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হইতে একটি প্রত্যয়ন পত্র জাতীয় রাজস্ব বোর্ডের নিকট পেশ করিতে হইবে।

শিরনামা সংখ্যা (Heading No.)	এইচ. এস. কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ Description of the goods
(১)	(২)	(৩)

২৭.০৯

২৭.১০

২৭.১১

প্রযোজ্য সকল এইচ.  
এস. কোড

প্রাকৃতিক গ্যাস, কনডেনসেট ও পেট্রোলিয়ামজাত  
পণ্য।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ হাফিজুল কবির  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।